

উন্নত পারমাণবিক যন্ত্রগুলির বিপর্যয় মোকাবিলা করা

পটভূমি:

একটি ইম্প্রোভাইজড নিউক্লিয়ার ডিভাইস (IND) হল ঘরে তৈরি অথবা অস্থায়ী একটি অস্ত্র যা বিস্ফোরিত হয়, এবং যা থেকে পারমাণবিক বিকিরণ হয় –এই বিকিরণ তখন ঘটে যখন অনুগুলো একে অপরের থেকে বিচ্ছিন্ন হয়। একটি আইএনডি একটি সুটকেস বা বাস্তবে ধরে যাওয়ার মত ছোট হয়, আর এই কারণেই কখনও কখনও একে “সুটকেস বোমা” বলা হয়।

প্রভাব:	চিকিৎসা:
<p>একটি আইএনডি (IND) যতই ছোট হোক না কেন অনেক ক্ষতি করতে পারে।</p> <ul style="list-style-type: none">বিস্ফোরণ এবং তার কারণে উৎপন্ন হওয়া অতিরিক্ত তাপের ফলে মৃত্যু হতে পারে এবং ঘরবাড়ি ও অন্যান্য সম্পদ ধ্বংস হতে পারে।উল্লেখযোগ্য পরিমাণ বিকিরণ সমগ্র অঞ্চলটিকে অব্যবহার্য করে তুলে এবং মানুষের ক্যান্সার হওয়ার ঝুঁকিকে বৃদ্ধি করে সমগ্র অঞ্চলটিকে অনেকটা পিছিয়ে দিতে পারে।পারমাণবিক বিপর্যয়—বিকিরণ কণা বাতাসের মাধ্যমে বিস্ফোরণের স্থান থেকে বহু দূর পর্যন্ত ছড়িয়ে পড়ে - বোমার আকার এবং বাতাসের গতির ওপর ভিত্তি করে তা অন্যান্য শহরের মানুষদের, জল সরবরাহ এবং খাদ্য সরবরাহকে দূষিত করতে পারে।	<p>আপনি যদি বৃহদাকারের পারমাণবিক বিকিরণের সম্মুখীন হন এবং তেজস্ক্রিয় রশ্মিপাতজনিত অসুস্থতায় ভোগেন, তবে আপনার অসুস্থতার লক্ষণগুলিকে খুব যত্ন সহকারে চিকিৎসা করা প্রয়োজন। কিছু ওষুধ রয়েছে যা তেজস্ক্রিয় রশ্মিপাতজনিত অসুস্থতাকে সারিয়ে তুলতে পারে। একজন চিকিৎসকই আপনার জন্য সঠিক চিকিৎসা পদ্ধতি নির্ধারণ করতে সাহায্য করতে সক্ষম হবেন। তেজস্ক্রিয় রশ্মিপাতজনিত অসুখে আক্রান্ত মানুষের চিকিৎসার প্রথম পদক্ষেপটি হল দূষণমুক্ত করার মাধ্যমে বিকিরণগুলিকে অপসারিত করা। যাঁরা এই দুর্যোগ মোকাবিলা করছেন তারাই আইএনডি (IND) বিস্ফোরণে আক্রান্তদের চিকিৎসা করবেন বা তাদেরকে নিকটস্থ হাসপাতালে পাঠানো হবে। আঘাতের মধ্যে অন্তর্ভুক্ত হতে পারে:</p> <ul style="list-style-type: none">পোড়াক্ষতঅস্থিভঙ্গরক্তপাত



ডিস্ট্রিক্ট অফ কলম্বিয়া সরকার
রচনা:

হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (HSEMA)

সর্বশেষ সংশোধিত: নভেম্বর, 2011



উন্নত পারমাণবিক যন্ত্রগুলির বিপর্যয় মোকাবিলা কৰা

একটি ইম্প্ৰাভাইজড নিউক্লিয়ার ডিভাইস বিস্ফোৰিত হলে:

ঘরের ভিতরে থাকলে

আপনি যদি বিস্ফোৰণের সময় ঘরের ভেতরে থাকেন, এবং আপনার বাড়ি ক্ষতিগ্রস্ত না হয়, তবে যতক্ষণ না কর্মকর্তারা বাইরে যাওয়াকে নিরাপদ বলছেন ততক্ষণ বাইরে যাবেন না।

- সমস্ত দরজা, জানলা এবং রন্ধগুলো বন্ধ করে রাখুন।
- ঘরের বাইরে থেকে বাতাস বয়ে আনে এমন সব যন্ত্র অর্থাৎ ঘর গরম করার বা ঠান্ডা করার যন্ত্রগুলো এবং অন্যান্য যন্ত্রগুলো বন্ধ করে রাখুন।
- বাড়ির একেবারে ভেতরের কোনো ঘরে থাকুন – যেখানে জানলা নেই।
- ব্যাটারি দ্বারা চালিত রেডিও রাখুন এবং অতিরিক্ত ব্যাটারি রাখুন যাতে আপনি পরবর্তী নির্দেশগুলো শুনতে পান।

যদি বাড়ির বাইরে থাকেন

আপনি যদি বিস্ফোৰণের সময় বাড়ির বাইরে থাকেন, তখনই সেই এলাকা ছেড়ে চলে যান। নিরাপদ অবস্থায় এলে, আপনার শরীরে ও জামা কাপড়ে লেগে থাকা তেজস্ক্রিয় কণাগুলোকে অপসারিত করার মাধ্যমে দূষণমুক্ত করার ধাপগুলো অনুসরণ করুন:

- জামাকাপড় এবং গয়না খুলে ফেলুন।
- চোখ, নাক এবং স্বক যাতে পুনরায় এই বিকিরণ কণাগুলির সংস্পর্শে না আসে তা প্রতিহত করতে, যে পোষাক মাথার ওপর দিয়ে খুলতে হয় তা কেটে ফেলুন।
- সম্ভব হলে জামা কাপড়গুলোকে একটা প্লাস্টিক ব্যাগে ভরে সেই ব্যাগটিকে আরও একটি প্লাস্টিক ব্যাগে ভরে আটকে দিন।
- প্রচুর পরিমাণে ঠান্ডা জল দিয়ে আপনার হাত, শরীর এবং চুল ধুয়ে ফেলুন।
- স্বালা করা চোখ 10-15 মিনিট ধরে ভালো করে ঠান্ডা জল দিয়ে ধুয়ে ফেলুন।
- চোখের সাথে যুক্ত জিনিসগুলোকে খুলে ফেলুন এবং দূরে ফেলে দিন।
- চশমাগুলোকে সাবান এবং জল দিয়ে ধুয়ে ফেলুন।

